
# শহীদ বুদ্ধিজীবী দিবসে স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার শ্রদ্ধা



সংগৃহীত ছবি

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস শহীদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণে তারা কিছুক্ষণ নীরবতা পালন করেন।

রোববার (১৪ ডিসেম্বর) সকালে মিরপুরে শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তারা এ শ্রদ্ধা জানান। এ সময় সশস্ত্র বাহিনীর একটি সুসজ্জিত দল গার্ড অব অনার প্রদান করে এবং বিউগলে করুণ সুর বাজানো হয়, যা পুরো পরিবেশকে শোকাবহ করে তোলে।

শ্রদ্ধা নিবেদন শেষে প্রধান উপদেষ্টা অন্যান্য উপদেষ্টা, তিন বাহিনীর প্রধান, ঊর্ধ্বতন বেসামরিক ও সামরিক কর্মকর্তা, আহত বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে উপস্থিত ব্যক্তিদের সঙ্গে কুশল বিনিময় করেন।

উল্লেখ্য, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয়ের মাত্র দুই দিন আগে ১৪ ডিসেম্বর দখলদার পাকিস্তানি বাহিনী ও তাদের এ দেশীয় সহযোগীরা পরিকল্পিতভাবে এ দেশের শ্রেষ্ঠ বুদ্ধিজীবীদের হত্যা করে। জাতিকে মেধাশূন্য করাই ছিল তাদের মূল উদ্দেশ্য।

ওই ভয়াল দিনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাংবাদিক, চিকিৎসক, প্রকৌশলী, শিল্পী ও লেখকসহ দুই শতাধিক কৃতী সন্তানকে নির্মমভাবে হত্যা করা হয়, যা জাতির ইতিহাসে এক গভীর শোকাবহ অধ্যায় হিসেবে চিহ্নিত হয়ে আছে।

LENS ASIA